# Director's Report

***Bismillahir Rahmanir Rahim***

Dear Shareholders,

Assalamu Alaikum,

The Board of Directors of your company Crystal Insurance Company Limited welcome you to the 21st Annual General Meeting and would like to thank you for your continued patronage and support over the 20 years. We are very delighted to present before you the Annual Report along with the Audited Financial Statements for the year ended 31st December 2020 and the Auditor's Report thereon for kind consideration and adoption.

This report of the Directors have made relevant disclosures and explanations pertaining to the issues to ensure compliance, transparency and good corporate governance practices along with the details of the business performance, operations and achievements of the company for the year ended 31st December 2020.

In fact the year 2020 is very significant in the life of the Company in terms of performance and achievements not only within the industry but also in the entire economy.

## Bangladesh Economy

The year 2020 began with a cloud of uncertainty hanging over the horizon. The novel corona virus was spreading in UK, Europe, USA and the destination of over 60 percent exports from Bangladesh affected very widely and terribly, insurance industry also affected very badly.

Soon, the country's economy, one of the shining stars in Asia, came almost to a halt as the government imposed countrywide lockdown to control the spread of the virus.

However, defying odds amid the Covid-19 pandemic, Bangladesh's stock market performed well during July-September period of 2020, emerging as Asia's best-performing capital market.

Bangladesh's exports earnings in July rose 44% to $3.91 billion, from $2.71 billion in June, while remittance inflows continued to rise and reached $2.60 billion in July.

## Insurance Sector Overview

Bangladesh observed the 'Insurance Day' on March 1, 2020 for the first time highlighting the role of insurance sector in the economy. The Honorable Prime Minister Sheikh Hasina was the chief guest in an event held on the occasion. It was also decided that Insurance Day will be observed on March 1 every year. The premium income of private insurance companies in 2019 rose to Tk 90,460 million which was Tk 84,857 million in 2018. The life fund size of private life insurance enhanced to tk 318,386 million against tk 301,434 million of 2018. The investment of private life fund in 2019 stood at tk 286,602 million against tk 259,847 million in 2018. The total asset of private life insurance companies rose to 388,437 million in 2019 against tk 363,942 million. The total premium earning of non-life insurance sector stood at tk 34,114 million in 2019, up by 12.41 per cent which was tk 30,347 million in 2018. The asset of non-life insurance companies in 2019 rose to tk 85,454 million against tk 79,774 million of 2018. The investment of non-life insurance sector also rose to Tk 39,590 million in 2019 against Tk 38,036 million of 2018.

## Industry Outlook and Possible Future Development

The insurance industry of Bangladesh is highly competitive. Key factors affecting the performance of the industry during the review period included fierce competition in the non-life segment, the rising market shares of private insurance companies, and the increasing level of risk being retained by insurers. The insurance regulatory reform is not just an aid for a catastrophic outcome; it can also be a driver of exponential economic growth. By streamlining the regulatory infrastructure in terms of data warehousing, governance, systems, resources, and processes in adjustment with international insurance standards such as the International Association of Insurance Supervisors (IAIS); Bangladesh can exhibit a reliable and well-balanced insurance platform. In short, rehabilitation of insurance regulations promulgated by IDRA could result in multifold positive impacts on the economy of Bangladesh.

## Risk and Concern

Both life and non-life Insurance Business involves assumption of risk many types-Physical as well as moral. Physical risks are identified as those caused by natural catastrophes, accidental losses and man-made disasters. The key to proper management of insurance business risks to ensure proper management of insurance business risks is to make sure proper selection of risks as well as of the client through a vetting process known as underwriting. Non-life insurance business also closely follows the country's economic development and any slowdown in the economic activities also has adverse impact on the insurance industry's growth. Crystal, being aware of these business risks practices the following to protect its interests; (a) selection of risks which have the potential of making underwriting profit. (b) Diversification into many segments of business-product wise, as well as client wise so that the company is not over reliant on

any particular segment (c) the company arranges adequate reinsurance back up of risks assumed by it with good quality securities. (d) The company maintains a conservative reserving policy and its various technical reserves have been created to adequately cater to unforeseen developments in the future.

## Extra Ordinary Activities & their implications

The activities of CICL has a steadily growth from the beginning. No extra ordinary activities occurred during the year and have no implications in the financial statements.

## Utilization proceeds raised through Public Issues

The Company's IPO was made in 2020. We have fully utilized the IPO amount In line with the clause No. 3 of Part-C of the IPO Consent letter issued under 2CC of Securities and Exchange ordinance, 1969. Not any other indicators of financial results deteriorated after the company goes for Initial Public Offering (IPO).

## Variance between Quarterly and Annual Financial Statements

Crystal Insurance Company Limited disclosed quarterly financial performance for the 3rd quarter in 2020. No significant deviation in operational results of these quarterly and year-end operational result is noticed as a whole.

## Directors Remuneration

Directors are not eligible for any remuneration other than attendance fee for the Board Meeting. As per IDRA Reference letter No. 53.03.0000.009.18.014.18.123 dated 31st May 2018 directors are eligible for remuneration of BDT 8,000 for attending each meeting. Details of Directors Remuneration are provided in note no 41.01 of notes to the financial Statements.

## Maintaining Proper Books of Accounts

The director's responsibilities also include overseeing whether adequate accounting records are being maintained with vouchers relevant to any entry in good order. The books of accounts kept at the registered office of the Crystal Insurance Company Limited.

## Appropriate Accounting Policy Followed

International Accounting Standards (IAS) or International Financial Reporting Standards (IFRS), as applicable in Bangladesh, have been followed in preparation of the financial statements and any departure there from has been adequately disclosed.

## Effective Internal Control System

An effective internal control system also requires that an appropriate control structure is set up with control activities defined at every business level. Board of directors has the responsibility for approving the review of overall business strategies and significant policies of the internal control system.

## Deviations from the Last Year Operating Results

There were no significant deviations from the last years operating results of the Company.

## Five Years Operating and Financial Data

The Key operating and financial data for the last five years have been shown at below:

| Particulars | 2016 | 2017 | 2018 | 2019 | 2020 |
|---|---|---|---|---|---|
| Gross premium | 390,354,116 | 408,661,693 | 431,301,165 | 527,325,300 | 598,423,482 |
| Net premium | 292,593,856 | 297,512,962 | 302,648,856 | 390,893,600 | 388,112,507 |
| Net claims | 87,222,129 | 68,891,236 | 87,561,612 | 145,564,175 | (9,449,813) |
| Underwriting profit | 52,485,536 | 73,221,973 | 65,000,849 | 99,990,113 | 143,998,783 |
| Investment income | 16,894,437 | 21,552,717 | 35,545,759 | 42,226,980 | 56,279,756 |
| Net profit before tax | 50,499,862 | 54,567,640 | 79,571,490 | 105,777,186 | 149,915,893 |
| Net profit after tax | 45,228,031 | 49,772,471 | 67,986,676 | 75,202,880 | 122,588,906 |
| Total assets | 754,229,506 | 879,724,941 | 952,326,868 | 1,055,885,907 | 1,454,303,792 |
| Total liability | 359,547,569 | 376,623,743 | 396,369,852 | 469,710,513 | 615,236,067 |
| Shareholders' equity | 394,681,937 | 503,101,198 | 555,957,016 | 586,175,394 | 839,067,725 |
| No. of Shares | 6,000,000 | 24,000,000 | 24,000,000 | 24,000,000 | 40,000,000 |
| NAV per Share | 51.11 | 20.96 | 23.16 | 24.42 | 20.98 |
| EPS | 2.54 | 2.07 | 2.60 | 2.92 | 4.58 |

## Dividend Declaration Policy

In the year under review as per the instruction of the Board of Directors of the company, the management is following a policy regarding dividends to be paid to the shareholders in a manner that shall be in the line with and in consistent to the actual income as well as the practices of the insurance industry. Board of Directors Meeting held on 26th April 2021 has recommended a Cash dividend at 10% (percent) for the year 2020.

## Disclosure on Dividend Distribution

Crystal Insurance Company plan to pay the dividend to the securities holder within 30 (thirty) days of declaration or approval and submit a compliance report to the Exchange and to the Commission in respect of dividend payment within 7 (seven) working days.

## Interim Dividend

No bonus share or stock dividend has been declared by the Board as interim dividend and there was no effect of the company's financial position.

## Board Meetings and Attendance

During the year, the Board of Directors Meeting and their attendance records are shown at below:

The Board of Directors' meetings held regularly and with due manner. A total of four (04) Board of Directors' meeting was held during the year 2020.

| S.L | Name of Directors | Position | Attendance |
|---|---|---|---|
| 01 | Mr. Abdullah Al-Mahmud | Chairman | 04 |
| 02 | Mr. Abdullah Hasan | Director | 04 |
| 03 | Mr. A.H.M. Mozammel Hoque | Director | 02 |
| 04 | Mr. Md. Tajul Islam | Director | 03 |
| 05 | Mrs. Farzana Munny | Director | 01 |
| 06 | Mrs. Shahzadi Begum | Director | 04 |
| 07 | Mrs. Farhana Danesh | Director | 04 |
| 08 | Mr. Abdullah Al-Mamun | Director | 01 |
| 09 | Ms. Soera Zahir | Director | 03 |
| 10 | Mr. Arafat Rashid | Director | 01 |
| 11 | Mrs. Nusrat Mahmud | Director | 02 |
| 12 | Ms. Nabila Mahmud | Director | 02 |
| 13 | Dr. M. Waliuzzaman | Independent Director | 04 |
| 14 | Mr. Kazi Nasim Uddin Ahmed | Independent Director | 04 |

N.B: CEO (Chief Executive Officer); CS (Company Secretary) & CFO (Chief Financial Officer) were also present in all Board of Directors meeting during the year 2020.

## Pattern of Shareholding

A report on the pattern of shareholding disclosing the aggregate number of shares along with name-wise details as on 31st December 2020 are stated at below:

Shareholding pattern of the Company as on 31st December 2020.

| Directors and Sponsors | Position | Shareholding Status | % of Shareholdings |
|---|---|---|---|
| Mr. Abdullah Al-Mahmud | Chairman | 4000000 | 10.00% |
| Mr. Abdullah Hasan | Director | 4000000 | 10.00% |
| Mr. A.H.M. Mozammel Hoque | Director | 800000 | 2.00% |
| Mr. Md. Tajul Islam | Director | 900000 | 2.25% |
| Mrs. Farzana Munny | Director | 800000 | 2.00% |
| Mrs. Shahzadi Begum | Director | 800000 | 2.00% |
| Mrs. Farhana Danesh | Director | 955000 | 2.39% |
| Mr. Abdullah Al-Mamun (Deceased) | Director | 800000 | 2.00% |
| Ms. Soera Zahir | Director | 2000000 | 5.00% |
| Mr. Arafat Rashid | Director | 800000 | 2.00% |
| Mrs. Nusrat Mahmud | Director | 4000000 | 10.00% |
| Ms. Nabila Mahmud | Director | 2000000 | 5.00% |
| Mr. Asoke Ranjan Kapuria | Shareholder | 1200000 | 3.00% |
| Mr. Iqbal Hasan Mahmood | Shareholder | 375000 | 0.94% |
| Mrs. Sarah Hasein Mahmood | Shareholder | 300000 | 0.75% |
| Mr. Rubayat Tanveer Huda | Shareholder | 270000 | 0.68% |
| Initial Public Offering (IPO) | | 16000000 | 40.00% |

## Board of Directors

Asoke Ranjan Kapuria appointed from the Board of Directors at 91st Board Meeting held on 30th January 2021 subject to the approval of Shareholders at AGM. One director of the company namely Mr. Abdullah AL Mamun had become vacant due to sudden death of the Director.

## Retirement and Re-election of Directors

As per Companies Act, 1994, each year one-third of the Directors (except Independent Director) retire from office at the Annual General Meeting (AGM) and if eligible, may offer themselves for re-election by share-holders at the Annual General Meeting. In line with the requirement of Company Act, 1994, the following Directors will retire at the 21st AGM with seniority basis:

1. Mr. Tajul Islam
2. Ms. Farhana Danesh
3. Ms. Farzana Munny
4. Mr. Arafat Rashid

The above directors are eligible for reelection for their next term.

## Retirement and Appointed of Independent Directors

As per Bangladesh Securities and Exchange Commission Notification No.SEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated June 03, 2018 the Independent Director of the company has retired on –21st AGM after completion the First tenure of their appointment. The Board has reappointed them in 91st Board Meeting subject to the approval of the Shareholders in 21st AGM.

## Management's Discussion and Analysis of the Company's Position

Management's Discussion and Analysis signed by CEO or MD presenting detailed analysis of the company's position and operations along with a brief discussion of changes in the financial statements are stated at page no 101-103 in this Annual Report.

## Corporate Social Responsibility (CSR) Policy

Annual CSR programs in terms of board approved CSR policies of Crystal Insurance Company Limited will be drawn up and implemented by the dedicated CSR unit. Report on CSR shown at page no.64-66 of Annual Report.

## Earnings per Share (EPS)

Net profit before tax of the company stands at Tk 149.92 million during the year 2020, Earning per share after tax of Tk 4.58 compared to Tk 2.92 per share in the Previous year. The calculation of EPS are Shown at Statement of Financial parts in the Annual Report.

## Claims and Client Service

The gross claim for the year 2020 was for Tk.59.64 million as against Tk.169.66 million in 2019. This has been decreased by Tk.110.02 million over the previous year. The company received on (Re-insurance ceded) total for the year 2020 was Tk.69.09 million, whereas the amount was Tk. 24.10 million in the previous year which is 44.99 million higher than that of the previous year. However, we always keep ourselves ready to meet our valued clients satisfaction.

## Solvency Analysis and Credit Rating

Both short term and long term solvency of the company has reached to such a level that is needed for meeting the requirement of new Insurance Act-2010 as well as for getting satisfaction of the financial analysts and the rating agencies. The equity base of the company along with Tk.240 Million of paid up capital has been rose to Tk. 400 million as in the year 2020 by offering IPO. As a result of these Crystal Insurance Company Limited has been earn a Credit Rating of AA- (Double A Minus) based on 2019 financial strength and performance by National Credit Ratings Limited (NCR) on 14 September, 2020 which entails “Sound Claim settlement Ability” factors are good and there is an expectation of variability in risk over time due to economic and underwriting conditions.

## Loans or Advances to Directors

In the year 2020, CICL has not allow any loans or advances or any debit balances (including guarantee or security in connection with a loan) to any other Directors of the company with refer to the Commissions Notification no. SEC/CMMRR/CD/2006-159/Admin/02-10 dated 10 September 2006.

## Shareholders’ Value

CICL remains fully committed to delivery of higher standard of shareholders’ value. The higher profitability underpins the value the shareholders derived from investing in the shares of CICL.

## Annual General Meeting

21st Annual General Meeting (AGM) of the company will be held on 10th June at 3.00 p.m. (Virtually). In this connection, financial statements were adopted in the 92nd Board Meeting held on 26th April, 2021 and the financial statements will be approve in the 21st AGM.

## Corporate Governance

Good Corporate Governance is the system through which the company is directed, guided and controlled by the Board, keeping in view its accountability to the Shareholders. The Board has complied with the requirements set out by BSEC.

## Appointment of Auditors and fixation of their Remuneration.

**Statutory Auditors: Mahfel Huq & Co,** Chartered Accountants was appointed as the Statutory Auditor of the Company at the 20th AGM held on 16th April, 2020. Which will expire in the 21st AGM and they are eligible for re-appointment for the year 2021.

**Compliance Auditors:**

Appointment of auditors/practicing professional for issuing certificate on compliance of conditions of corporate governance code and fixation of their remuneration.

**Ahmed Zaker & Co,** Chartered Accountants was appointed as the Compliance Auditor of the Company at the 20th AGM held on 16th April, 2020. Which will expire in the 21st AGM and they are eligible for re-appointment for the year 2021.


## Transparency and Accountability

Crystal Insurance Company Ltd. always maintains transparency and accountability at all levels in doing business. To provide sustainable profitability, minimizing risks and establishing good governance in all spheres of Company's operation, the company ensures the segregation of duties and responsibilities between the Board & Management.

## Contribution to National Exchequer

Crystal Insurance Company ltd. pays Tax and levies to the National Exchequer contributing to economic development.

| Particulars | 2020 |
|---|---|
| VAT | 40,892,192 |
| Income tax | 24,429,279 |
| Withholding tax | 12,720,360 |
| Stamp duty | 25,885,689 |
| **Total** | **103,927,520** |



## Acknowledgement

The members of the Board of Director of Crystal Insurance Company Limited like to express gratitude to all honorable shareholders, valued clients for their patronage and support. The Directors also express their thanks and profound appreciation for the immense support and co-operation received from office of the Chairman, Insurance Development & Regulatory Authority (IDRA), all concerned Government Offices including Ministry of Finance, Ministry of Commerce, Sadharan Bima Corporation, Bangladesh Bank, all Nationalized Bank, Commercial Bank and Financial Institution, Registrar of Joint Stock Companies & Firms (RJSC), Bangladesh Securities and Exchange Commission (BSEC), Dhaka Stock Exchange Ltd. (DSE), Chittagong Stock Exchange Ltd. (CSE), Central Depository Bangladesh Limited (CDBL), National Board of Revenue (NBR), Bangladesh Insurance Association, and Bangladesh Association of Publicly listed companies (BAPLC). The Board Members also pleased to put on record their appreciation for the commitment and dedication extended by the management of the Company.

On behalf of the Board of Directors.

**Abdullah Al-Mahmud**
Chairman

# পরিচালকমন্ডলীর প্রতিবেদন

**বিসমিল্লাহির রাহমানের রাহিম**

**প্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ,**

আস্‌সালামু আলাইকুম

আপনাদের প্রিয় প্রতিষ্ঠান ক্রিস্টাল ইন্সুরেন্স কোম্পানি লিমিটেড-এর পরিচালকমন্ডলী **২১** তম বার্ষিক সাধারণ সভায় আপনাদেরকে স্বাগত জানাচ্ছি। এ সুযোগে গত ২০ বছর ধরে কোম্পানির প্রতি অব্যাহত সহযোগিতা ও সমর্থনের জন্য সকলকে জানাই ধন্যবাদ। আপনাদের সামনে ৩১ ডিসেম্বর, ২০২০ সালে সমাপ্ত বছরের জন্য নিরীক্ষিত আর্থিক বিবরণীসহ বার্ষিক প্রতিবেদন এবং নিরীক্ষকের প্রতিবেদন বিবেচনা ও অনুমোদনের জন্য উপস্থাপন করতে পেরে আমরা আনন্দিত।

পরিচালকমন্ডলীর এই প্রতিবেদনে ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখ সমাপ্ত বছরের জন্য কোম্পানির সম্পাদিত ব্যবসায়িক কর্মকান্ড, ক্রিয়াপদ্ধতি ও অর্জনসমূহের বিস্তারিত বিবরণের পাশাপাশি বিধিবিধান অনুসরণ, স্বচ্ছতা ও কর্পোরেট সুশাসন নিশ্চিত করার সঙ্গে সংশিষ্ট বিষয়াদি উপস্থাপন ও যথাযথ ব্যাখ্যা প্রদান করা হয়েছে। প্রকৃতপক্ষে কার্যদক্ষতা ও অর্জনের ক্ষেত্রে ২০২০ কোম্পানির জীবনে খুবই তাৎপর্যপূর্ণ বছর এবং এর প্রভাব কেবল বীমা শিল্পের জন্য নয়, সার্বিক অর্থনীতিতেও লক্ষণীয়।

## বাংলাদেশের অর্থনীতি

২০২০ সাল শুরু হয়েছিল দিগন্তে অনিশ্চয়তার কালোমেঘ নিয়ে। নভেল করোনা ভাইরাস যুক্তরাজ্য, ইউরোপের বিভিন্ন দেশ, যুক্তরাষ্ট্রে ছড়িয়ে পড়েছিল। বাংলাদেশের মোট রফতানির ৬০ শতাংশের বেশি পরিচালিত হয় এই সব দেশের সঙ্গেই। করোনার প্রভাবে রফতানি বাণিজ্যের ব্যাপক ক্ষতিসাধিত হয়েছে, বীমা শিল্পেও বিরূপ প্রভাব পড়েছে।

ভাইরাস ছড়িয়ে পড়া নিয়ন্ত্রণের জন্য সরকার আরোপিত লকডাউনের কারণে এশিয়ার অন্যতম উজ্জ্বল অর্থনীতির দেশ হিসেবে পরিচিত হতে থাকা বাংলাদেশের অর্থনৈতিক কর্মকান্ড দ্রুতই স্থবির হয়ে পড়ে।

অবশ্য কভিড-১৯-এর মধ্যেও সকল বাধা বিপত্তি অতিক্রম করে বাংলাদেশের পুঁজিবাজার ২০২০ সালের সেপ্টেম্বর-ডিসেম্বর সময়ে ভালভাবে কাজ করতে পেরেছে, যে কারণে তা স্বীকৃত হয়েছে এশিয়ার সেরা নৈপূণ্য প্রদর্শনকারী পুঁজি বাজার হিসেবে।

অন্যান্য ক্ষেত্রেও অগ্রগতি রয়েছে। জুন মাসে রফতানি ছিল ২.৭১ বিলিয়ন ডলার, জুলাই মাসে ৪৪ শতাংশ বেড়ে তা দাঁড়ায় ৩.৯১ বিলিয়ন ডলার। প্রবাসীদের প্রেরিত অর্থের পরিমাণ অব্যাহতভাবে বেড়ে চলেছে এবং জুলাই মাসে এর পরিমাণ ছিল ২.৬০ বিলিয়ন ডলার।

## বীমা শিল্পের সার্বিক চিত্র

বাংলাদেশ ২০২০ সালের ১ মার্চ প্রথমবারের মতো 'বীমা দিবস' পালন করে। এ দিবসে অর্থনীতিতে বীমার ভূমিকা বিশেষভাবে সামনে আনা হয়। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এখন থেকে প্রতি বছর ১ মার্চ বীমা দিবস পালনের সিদ্ধান্ত হয়েছে।

বেসরকারি বীমা কোম্পানিগুলোর প্রিমিয়াম আয় ২০১৯ সালে বেড়ে দাঁড়ায় ৯০,৪৬০ মিলিয়ন টাকা, যা ২০১৮ সালে ছিল ৮৪,৮৫৭ মিলিয়ন টাকা। বেসরকারি জীবন বীমা কোম্পানিগুলোর জীবন বীমা তহবিলের আকার ২০১৮ সালের ৩০১,৪৩৪ মিলিয়ন টাকা থেকে বেড়ে দাঁড়ায় ৩১৮,৩৮৬ মিলিয়ন টাকা। বেসরকারি জীবন বীমা তহবিলে বিনিয়োগ ২০১৯ সালে দাঁড়ায় ২৮৬,৬০২ মিলিয়ন টাকা, যা আগের বছর ২০১৮ সালে ছিল ২৫৯,৮৪৭ মিলিয়ন টাকা। বেসরকারি জীবন বীমা কোম্পানিগুলোর মোট সম্পদের পরিমাণ ৩৬৩,৯৪২ মিলিয়ন টাকা থেকে ২০১৯ সালে বেড়ে দাঁড়ায় ৩৮৮,৪৩৭ মিলিয়ন টাকা। সাধারণ বীমা কোম্পানিগুলোর প্রিমিয়াম আয় ২০১৯ সালে দাঁড়ায় ৩৪,১১৪ মিলিয়ন টাকা, যা ২০১৮ সালের ৩০,৩৪৭ মিলিয়ন টাকা থেকে ১২.৪১ শতাংশ বেশি। সাধারণ বীমা কোম্পানিগুলোর মোট সম্পদের পরিমাণ ২০১৯ সালে বেড়ে দাঁড়ায় ৮৫,৪৫৪ মিলিয়ন টাকা, ২০১৮ সালে যা ছিল ৭৯,৭৭৪ মিলিয়ন টাকা। সাধারণ বীমা খাতের কোম্পানিগুলোর বিনিয়োগ ২০১৮ সালের ৩৮,০৩৬ মিলিয়ন ডলার থেকে বেড়ে দাঁড়ায় ৩৯,৫৯০ মিলিয়ন টাকা।

## বীমা শিল্পের পূর্বাভাস ও ভবিষ্যৎ সম্ভাবনা

বাংলাদেশের বীমা শিল্প তীব্র প্রতিযোগিতামূলক। পর্যালোচনাধীন সময়ে সাধারণ বীমা ক্ষেত্রে এ শিল্পের কার্যক্রম প্রভাবিত করেছে যে সব কারণ তার মধ্যে রয়েছে– বেসরকারি বীমা কোম্পানিগুলোর বাজার হিস্যা বৃদ্ধি এবং বীমাকারীদের ক্রমবর্ধমান ঝুঁকির মাত্রা বজায় রাখতে পারা। বিপর্যয়কর পরিস্থিতি এড়াতে বীমা নিয়ন্ত্রণ সংক্রান্ত বিধিবিধানের সংস্কার কেবলসহায়ক হবে না; এটা দক্ষ অর্থনৈতিক প্রবৃদ্ধির চালিকাশক্তিও হতে পারে। আন্তর্জাতিক বীমা সুপারভাইজারস অ্যাসোসিয়েশনের মতো আন্তর্জাতিক মানসম্পন্ন সংস্থার ডাটা ওয়ারহাউজিং, গভর্ন্যান্স, ব্যবস্থাপনা, সম্পদের জোগান ও অন্যান্য বিষয়ের সঙ্গে নিয়ন্ত্রক অবকাঠামোর উপযুক্ত করে তোলার মাধ্যমে বাংলাদেশ নির্ভরযোগ্য ও যথাযথ ভারসাম্যপূর্ণ একটি বীমা পাটফরম গড়ে তুলতে পারে। এক কথায়, আইডিআরএ কর্তৃক জারিকৃত বীমা নিয়মকানুনের উন্নয়নসাধনের মাধ্যমে বাংলাদেশ তার অর্থনীতিতে বহুমুখী ইতিবাচক প্রভাব ফেলতে পারে।

## ঝুঁকি ও উদ্বেগ

জীবন বীমা ও সাধারণ বীমা, উভয় খাতের বীমা ব্যবসাতেই অনেক ধরনের ঝুঁকি রয়েছে– ভৌত ও নৈতিক। ভৌত ঝুঁকির কারণ হিসেবে চিহ্নিত করা যায় প্রাকৃতিক দুর্যোগ, দুর্ঘটনাজনিত ক্ষতি এবং মানুষ-সৃষ্ট বিপর্যয়। বীমা ব্যবসায় ঝুঁকির যথাযথ ব্যবস্থাপনার জন্য ঝুঁকিসমূহ সঠিকভাবে চিহ্নিত করতে হবে। বীমা গ্রহিতা নিয়েও ভাবতে হবে। এ জন্য আন্ডাররাইটিং নামে পরিচিত ভেটিং প্রক্রিয়া অনুসরণ করা চাই। সাধারণ বীমা ব্যবসা দেশের অর্থনৈতিক উন্নয়নের ধারাকে ঘনিষ্ঠভাবে অনুসরণ করে চলে। যদি অর্থনৈতিক কর্মকান্ডে মন্থরতা দেখা দেয়, তাহলে বীমা শিল্পের প্রবৃদ্ধিতে প্রতিকূল প্রভাব পড়ে। এ সব ঝুঁকি সম্পর্কে ক্রিস্টাল বীমা কোম্পানি অবহিত থাকায় ব্যবসায়িক কার্যক্রম যথাযথ মাত্রায় সংরক্ষিত রাখার জন্য নিম্নোক্ত কার্যক্রমের প্রতি মনোযোগী রয়েছে– ক. আন্ডাররাইটিং মুনাফার সম্ভাবনা রয়েছে এমন ক্ষেত্রে ঝুঁকিসমূহ চিহ্নিত করা, খ. প্রোডাক্ট ও ক্লায়েন্ট অনুযায়ী ব্যবসায়কে নানাভাবে বিভক্ত করা, যেন কোম্পানি কোনো বিশেষ অংশের ওপর অতিরিক্ত নির্ভরশীল হয়ে না পড়ে; গ. কোম্পানি যে সব ক্ষেত্রে ঝুঁকি চিহ্নিত করে সেখানে পর্যাপ্ত পুনঃবীমার ব্যাক-আপ রাখার জন্য ভাল মানের সিকিউরিটি নিশ্চিত করে; ঘ. ভবিষ্যতে অনাকাঙ্ক্ষিত ঘটনা মোকাবিলার জন্য কোম্পানি রক্ষণশীল রিজার্ভ নীতি অনুসরণ করে। বিভিন্ন ধরনের টেকনিক্যাল রিজার্ভ সৃষ্টিও গুরুত্ব পায়।

## বিশেষ পরিস্থিতি এবং তার প্রভাব

সিআইসিএল-এর কর্মকান্ডে প্রবৃদ্ধি শুরু থেকেই ঘটে চলেছে। এ বছর কোনো বিশেষ পরিস্থিতির সৃষ্টি হয়নি এবং এ কারণে আর্থিক বিবরণীতে তার প্রভাবও পড়েনি।

## পাবলিক ইস্যুর মাধ্যমে সংগৃহীত অর্থ ব্যয়

ক্রিষ্টাল ইন্স্যুরেন্স কোম্পানী ২০২০ সালে আইপিও ইস্যু করে। সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অর্ডিন্যান্স, ১৯৬৯-এর ২-সিসি-এর ইস্যুকৃত আইপিও সম্মতিপত্রের পার্ট-সি-এর ক্লজ-৩ অনুযায়ী আমরা আইপিও থেকে প্রাপ্ত অর্থ পুরোপুরি ব্যবহার করেছি। কোম্পানি আইপিও বা প্রাথমিক শেয়ার ছাড়ার পর আর্থিক দিকের অন্য কোনো সূচকের অবনতি লক্ষ্য করা যায়নি।

## ত্রৈমাসিক ও বার্ষিক আর্থিক বিবৃতি

ক্রিস্টাল ইন্সুরেন্স কোম্পানি ২০২০ সালের তৃতীয় চতুর্থাংশের আর্থিক কার্যবিবরণ প্রকাশ করেছে। এর সঙ্গে বছর শেষের সার্বিক বিবরণীর উল্লেখযোগ্য পার্থক্য পাওয়া যায়নি।

## পরিচালকদের পারিতোষিক

পরিচালকবৃন্দ বোর্ড সভায় অংশগ্রহণের ফি বাদে অন্য কোনো পারিতোষিক পাওয়ার যোগ্য নন। ৩১ মে ২০১৮ তারিখের আইডিআরএ রেফারেন্স চিঠি নং ৫৩.০৩.০০০০.০০৯.১৮.০১৪.১৮.১২৩ অনুযায়ী পরিচালকরা প্রতি সভায় অংশগ্রহণের জন্য আট হাজার টাকা পারিতোষিক পাওয়ার যোগ্য। পরিচালকদের পারিতোষিক সংক্রান্ত বিস্তারিত বিবরণ আর্থিক বিরবণীর ৪১.০১ নং নোটে দেওয়া হয়েছে।

## যথাযথ হিসাব সংরক্ষণ

প্রয়োজনীয় ক্ষেত্রে যথাযথ ভাউচারসহ হিসাব সংরক্ষণ পরিচালকমন্ডলীর দায়িত্বের মধ্যে পড়ে। ক্রিস্টাল ইন্সুরেন্স কোম্পানির রেজিস্টার অফিস-এ বুকস অব অ্যাকাউন্টস্ সংরক্ষিত রাখা হয়।

## যথাযথ অ্যাকাউন্টিং পদ্ধতি অনুসরণ

আর্থিক বিবরণী তৈরির জন্য বাংলাদেশের জন্য প্রযোজ্য আন্তর্জাতিক অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড (আইএএস) কিংবা ইন্টারন্যাশনাল ফিনান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ড (আইএফআরএস) অনুসরণ করা হয় এবং এ ক্ষেত্রে কোনো ব্যত্যয় ঘটলে তার পূর্ণ বিবরণ প্রকাশ করা হয়।

## কার্যকর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা

কার্যকর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার জন্য ব্যবসায়ের প্রতিটি স্তরের জন্য নিরুপণ করা সংজ্ঞা অনুযায়ী যথাযথ নিয়ন্ত্রণ কাঠামোও প্রয়োজন হয়। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার জন্য সার্বিক ব্যবসায়িক কৌশল ও উলেখযোগ্য নীতিসমূহ পর্যালোচনা ও অনুমোদন প্রদান পরিচালকমন্ডলীর দায়িত্বের মধ্যে পড়ে।

## গত বছরের কার্যক্রম থেকে পরিবর্তন

কোম্পানির গত বছরগুলোর কার্যক্রম থেকে উলেখযোগ্য কোনো পরিবর্তন আলোচ্য বছরে ঘটেনি।

# পাঁচ বছরের কার্যক্রম ও আর্থিক তথ্য

**গত পাঁচ বছরের কার্যক্রম ও আর্থিক তথ্য এখানে দেওয়া হলো :**

| বিষয় | ২০১৬ | ২০১৭ | ২০১৮ | ২০১৯ | ২০২০ |
|---|---|---|---|---|---|
| **মোট প্রিমিয়াম** | **৩৯০,৩৫৪, ১১৬** | **৪০৮,৬৬১,৬৯৩** | **৪৩১,৩০১,১৬৫** | **৫২৭,৩২৫,৩০০** | **৫৯৮,৪২৩,৪৮২** |
| নীট প্রিমিয়াম | ২৯২,৫৯৩,৮৫৬ | ২৯৭,৫১২,৯৬২ | ৩০২,৬৪৮,৮৫৬ | ৩৯০,৮৯৩,৬০০ | ৩৮৮,১১২,৫০৭ |
| নীট ক্লেইম | **৮৭,২২২,১২৯** | **৬৮,৮৯১,২৩৬** | **৮৭,৫৬১,৬১২** | **১৪৫,৫৬৪,১৭৫** | **(৯,৪৪৯,৮১৩)** |
| আন্ডাররাইটিং মুনাফা | ৫২,৪৮৫,৫৩৬ | ৭৩,২২১,৯৭৩ | ৬৫,০০০,৮৪৯ | ৯৯,৯৯০,১১৩ | ১৪৩,৯৯৮,৭৮৩ |
| **বিনিয়োগ থেকে আয়** | ১৬,৮৯৪,৪৩৭ | ২১,৫৫২,৭১৭ | ৩৫,৫৪৫,৭৫৯ | ৪২,২২৬,৯৮০ | ৫৬,২৭৯,৭৫৬ |
| করপূর্ব নীট মুনাফা | ৫০,৪৯৯,৮৬২ | ৫৪,৫৬৭,৬৪০ | ৭৯,৫৭১,৪৯০ | ১০৫,৭৭৭,১৮৬ | ১৪৯,৯১৫,৮৯৩ |
| করপরবর্তী নীট মুনাফা | ৪৫,২২৮,০৩১ | ৪৯,৭৭২,৪৭১ | ৬৭,৯৮৬,৬৭৬ | ৭৫,২০২,৮৮০ | ১২২,৫৮৮,৯০৬ |
| মোট সম্পদ | ৭৫৪,২২৯,৫০৬ | ৮৭৯,৭২৪,৯৪১ | ৯৫২,৩২৬,৮৬৮ | ১০৫৫,৮৮৫,৯০৭ | ১,৪৫৪,৩০৩,৭৯২ |
| মোট দায় | ৩৫৯,৫৪৭,৫৬৯ | ৩৭৬,৬২৩,৭৪৩ | ৩৯৬,৩৬৯,৮৫২ | ৪৬৯,৭১০,৫১৩ | ৬১৫,২৩৬,০৬৭ |
| শেয়ারহোল্ডারদের ইক্যুইটি | ৩৯৪,৬৮১,৯৩৭ | ৫০৩,১০১,১৯৮ | ৫৫৫,৯৫৭,০১৬ | ৫৮৬,১৭৫,৩৯৪ | ৮৩৯,০৬৭,৭২৫ |
| **শেয়ার সংখ্যা** | **৬,০০০,০০০** | **২৪,০০০,০০০** | **২৪,০০০,০০০** | **২৪,০০০,০০০** | **৪০,০০০,০০০** |
| এনএভি শেয়ার পিছু | ৫১.১১ | ২০.৯৬ | ২৩.১৬ | ২৪.৪২ | ২০.৯৮ |
| ইপিএস শেয়ার পিছু | ২.৫৪ | ২.০৭ | ২.৬০ | ২.৯২ | ৪.৫৮ |

## ডিভিডেন্ড ঘোষণা নীতি

কোম্পানির পরিচালকমন্ডলীর নির্দেশনা অনুযায়ী ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আলোচ্য বছরে শেয়ারহোল্ডারদের ডিভিডেন্ড বিষয়ে নিম্নলিখিত নীতি অনুসরণ করছে। এ ক্ষেত্রে প্রকৃত আয় এবং বীমা শিল্পের অনুসৃত নীতির সঙ্গে সামঞ্জস্য বিধানের বিষয়ে দৃষ্টি রাখা হয়েছে। ২৬ এপ্রিল ২০২১ তারিখ অনুষ্ঠিত পরিচালকমন্ডলীর সভায় ২০২০ সালের জন্য ১০ শতাংশ হারে নগদ ডিভিডেন্ড প্রদানের সুপারিশি করা হয়েছে।

## ডিভিডেন্ড বণ্টন বিষয়ে ঘোষণা

ক্রিস্টাল ইন্সুরেন্স কোম্পানি ঘোষণা কিংবা অনুমোদনের ৩০ দিনের মধ্যে শেয়ার হোল্ডারদের ডিভিডেন্ড পরিশোধের পরিকল্পনা গ্রহণ করেছে। ডিভিডেন্ড পরিশোধের বিষয়ে ৭ কর্মদিবসের মধ্যে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কাছে প্রতিবেদন পেশ করা হবে।

## অন্তর্বর্তীকালীন ডিভিডেন্ড

পরিচালকমন্ডলী অন্তর্বর্তীকালীন ডিভিডেন্ড হিসেবে বোনাস শেয়ার কিংবা স্টক ডিভিডেন্ডের বিষয়ে কোনো ঘোষণা প্রদান করেনি বিধায় কোম্পানির আর্থিক অবস্থায় এ বিষয়ে কোনো প্রভাব পড়েনি।

## পরিচালক মন্ডলীর সভা ও উপস্থিতি

আলোচ্য বছরে পরিচালক মন্ডলীর সভা ও সদস্যদের উপস্থিতির বিষয় নিম্নে উলেখ করা হলো :

পরিচালকমন্ডলীর সভা নিয়মিত ও যথাযথ নিয়মে অনুষ্ঠিত হয়। ২০২০ সালে পরিচালকমন্ডলী ৪ টি সভায় মিলিত হয়েছে।

| ক্রমিক নং | পরিচালকের নাম | পদবী | উপস্থিতির সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | জনাব আবদুল্লাহ আল-মাহমুদ | চেয়ারম্যান | ৪ |
| ০২ | জনাব আবদুল্লাহ হাসান | পরিচালক | ৪ |
| ০৩ | জনাব এ,এইচ,এম, মোজাম্মেল হক | পরিচালক | ২ |
| ০৪ | জনাব মোঃ তাজুল ইসলাম | পরিচালক | ৩ |
| ০৫ | মিসেস ফারজানা মুন্নী | পরিচালক | ১ |
| ০৬ | মিসেস শাহজাদী বেগম | পরিচালক | ৪ |
| ০৭ | মিসেস ফারহানা দানেশ | পরিচালক | ৪ |
| ০৮ | জনাব আবদুল্লাহ আল-মামুন (মৃত) | পরিচালক | ১ |
| ০৯ | মিসেস শোয়েরা জহির | পরিচালক | ৩ |
| ১০ | জনাব আরাফাত রশিদ | পরিচালক | ১ |
| ১১ | মিসেস নুসরাত মাহমুদ | পরিচালক | ২ |
| ১২ | মিসেস নাবিলা মাহমুদ | পরিচালক | ২ |
| ১৩ | ডঃ এম, ওয়ালীউজ্জামান | নিরপেক্ষ পরিচালক | ৪ |
| ১৪ | জনাব কাজী নাসিম উদ্দিন আহমেদ | নিরপেক্ষ পরিচালক | ৪ |

বি:দ্র: প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), কোম্পানি সচিব (সিএস) এবং চীফ ফিন্যান্সিয়াল অফিসার (সিএফও) ২০২০ সালে পরিচালকমন্ডলীর প্রতিটি সভায় উপস্থিত ছিলেন।

## শেয়ারহোল্ডিং-এর ধরন

৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে শেয়ারহোল্ডার এবং তাদের শেয়ারের পরিমাণ (শতাংশসহ) নিম্নে উলেখ করা হলো :

## কোম্পানির শেয়ারের ধরন, ৩১ ডিসেম্বর ২০২০

| পরিচালক ও স্পনসরবৃন্দ | পদবী | শেয়ারের সংখ্যা | শেয়ার, শতাংশে |
|---|---|---|---|
| জনাব আবদুল্লাহ আল-মাহমুদ | চেয়ারম্যান | ৪০০০০০০ | ১০% |
| জনাব আবদুল্লাহ হাসান | পরিচালক | ৪০০০০০০ | ১০% |
| জনাব এ,এইচ,এম, মোজাম্মেল হক | পরিচালক | ৮০০০০০ | ২% |
| জনাব মোঃ তাজুল ইসলাম | পরিচালক | ৯০০০০০ | ২.২৫% |
| মিসেস ফারজানা মুন্নী | পরিচালক | ৮০০০০০ | ২% |
| মিসেস শাহজাদী বেগম | পরিচালক | ৮০০০০০ | ২% |
| মিসেস ফারহানা দানেশ | পরিচালক | ৯৫৫০০০ | ২.৩৯% |
| জনাব আবদুল্লাহ আল-মামুন (মৃত) | পরিচালক | ৮০০০০০ | ২% |
| মিসেস শোয়েরা জহির | পরিচালক | ২০০০০০০ | ৫% |
| জনাব আরাফাত রশিদ | পরিচালক | ৮০০০০০ | ২% |
| মিসেস নুসরাত মাহমুদ | পরিচালক | ৪০০০০০০ | ১০% |
| মিসেস নাবিলা মাহমুদ | পরিচালক | ২০০০০০০ | ৫% |
| জনাব অশোক রঞ্জন কাপুড়িয়া | শেয়ারহোল্ডার | ১২০০০০০ | ৩% |
| জনাব ইকবাল হাসান মাহমুদ | শেয়ারহোল্ডার | ৩৭৫০০০ | ০.৯৪% |
| মিসেস সারাহ হাসিন মাহমুদ | শেয়ারহোল্ডার | ৩০০০০০ | ০.৭৫% |
| জনাব রুবায়েত তানভীর হুদা | শেয়ারহোল্ডার | ২৭০০০০ | ০.৬৮% |
| ইনিসিয়াল পাবলিক ওফারিং(আইপিও) | | ১৬০০০০০০ | ৪০% |

## পরিচালকমন্ডলী

৩০ জানুয়ারি, ২০২১ তারিখ অনুষ্ঠিত পরিচালকমন্ডলীর সভায় অশোক রঞ্জন কাপুড়িয়াকে বার্ষিক সাধারণ সভার অনুমোদন সাপেক্ষে পরিচালক পদে মনোনয়ন প্রদান করা হয়েছে। অন্যতম পরিচালক জনাব আবদুলাহ আল মামুনের আকস্মিক মৃত্যুর কারণে পদ শূন্য হয়।

## পরিচালকদের অবসর ও পুনঃনির্বাচন

কোম্পানি আইন, ১৯৯৪ অনুযায়ী প্রতি বছর পরিচালকমন্ডলীর (স্বাধীন পরিচালক বাদে) এক-তৃতীয়াংশ বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করেন এবং যোগ্য হলে বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারবৃন্দ কর্তৃক পুনঃনির্বাচনের জন্য প্রার্থী হতে পারেন। কোম্পানি আইন, ১৯৯৪ অনুযায়ী নিম্নলিখিত পরিচালকগণ ২১তম এজিএম-এ অবসর গ্রহণ করবেন:

১. জনাব তাজুল ইসলাম
২. মিসেস ফারহানা দানেশ
৩. মিসেস ফারজানা মুন্নী
৪. জনাব আরাফাত রশিদ

উক্ত পরিচালকবৃন্দ পরবর্তী মেয়াদের জন্য পুনঃনিয়োগের যোগ্য।

## অবসর এবং স্বাধীন পরিচালকবৃন্দ নিয়োগ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের বিজ্ঞপ্তি নং এসইসি/সিএমআরআরসিডি/ ২০০৬-১৫৮/২০৭/ এডমিন/৮০, তারিখ ৩ জুন, ২০১৮ অনুযায়ী কোম্পানির স্বাধীন পরিচালকবৃন্দ নিয়োগের প্রথম মেয়াদ পূর্ণ হওয়ার পর ২১ তম সাধারণ সভায় অবসর নিয়েছেন। পরিচালকমন্ডলীর ৯১ তম সভায় ২১ তম এজিএম-এ শেয়ারহোল্ডারদের অনুমোদন সাপেক্ষে তাদের পুনঃনিয়োগ প্রদান করা হবে।

## ব্যবস্থাপনা কর্তৃপক্ষের আলোচনা কোম্পানির আর্থিক বিবরণী এবং কোম্পানির অবস্থান পর্যালোচনা

কোম্পানির পরিস্থিতি ও মূল্যায়ন বিষয়ে সিইও বা ব্যবস্থাপনা পরিচালকের প্রতিবেদন এবং আর্থিক বিবরনী নিয়ে আলোচনা সম্পর্কে বার্ষিক প্রতিবেদনের ১০১-১০৩ পৃষ্ঠায় উলেখ করা হয়েছে।

## করপোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) নীতি

ক্রিস্টাল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের বার্ষিক সিএসআর কর্মসূচি পরিচালকমন্ডলীর অনুমোদনের পর চূড়ান্ত করা হয় এবং নিবেদিত সিএসআর ইউনিট তার বাস্তবায়ন করে। সিএসআর বিষয়ে প্রতিবেদন বার্ষিক প্রতিবেদনের ৬৪-৬৬ পৃষ্ঠায় দেখানো হয়েছে।

## শেয়ার পিছু আয় (ইপিএস)

২০২০ সালে কোম্পানির কর পূর্ব মুনাফা ছিল ১৪৯.৯২ মিলিয়ন টাকা। কর প্রদান শেষে শেয়ার পিছু আয় দাঁড়ায় ৪.৫৮ টাকা, পূর্ববর্তী বছরে যা ছিল ২.৯২ টাকা। বার্ষিক প্রতিবেদনের আর্থিক বিবরণী অংশে ইপিএস সংক্রান্ত হিসাব দেখানো হয়েছে।

## দাবি ও ক্লায়েন্ট সেবা

২০২০ সালে মোট দাবি ছিল ৫৯.৬৪ মিলিয়ন টাকা, ২০১৯ সালে যা ছিল ১৬৯.৬৬ মিলিয়ন টাকা। অর্থাৎ এক বছরে কমেছে ১১০.০২ মিলিয়ন টাকা। ২০২০ সালে কোম্পানি (রিইন্স্যুরেন্স বাদ দিয়ে) পেয়েছে ৬৯.০৯ মিলিয়ন টাকা, পূর্ববর্তী বছরে যা ছিল ২৪.১০ মিলিয়ন টাকা। অর্থাৎ পূর্ববর্তী বছরের তুলনায় ৪৪.৯৯ মিলিয়ন টাকা বেশি। অবশ্য, আমরা বীমা গ্রহীতাদের সর্বোচ্চ সন্তুষ্টির জন্য নিজেদের প্রস্তুত রাখি।

## দায় পরিশোধ সক্ষমতা ও ক্রেডিট রেটিং

কোম্পানির স্বল্প ও দীর্ঘমেয়াদি, উভয় ধরনের দায় পরিশোধ সক্ষমতা এমন একটি পর্যায়ে পৌঁছেছে, যা নতুন ইন্স্যুরেন্স আইন-২০১০-এর চাহিদা পূরণের জন্য যথেষ্ট। একইসঙ্গে আর্থিক বিশেষক ও রেটিং এজেন্সিসমূহের সন্তুষ্টি বিধানেও যা সক্ষম। আইপিও-এর পর ২৪০ মিলিয়ন টাকা পরিশোধিত মূলধনসহ কোম্পানির ইক্যুইটি বেস ২০২০ সালে দাঁড়িয়েছে ৪০০ মিলিয়ন টাকা। এর ফলে ক্রিস্টাল ইন্সুরেন্স লিমিটেড ২০১৯ সালের আর্থিক সক্ষমতা ও কার্যক্রমের ভিত্তিতে ন্যাশনাল ক্রেডিট রেটিংস (এনসিআর) ১৪ সেপ্টেম্বর, ২০২০ তারিখের সিদ্ধান্ত মোতাবেক এএ–(ডাবল এ মাইনাস) ক্রেডিট রেটিং অর্জন করেছে। এ অর্জনের জন্য আবশ্যকীয় শর্ত হচ্ছে দাবি পরিশোধ সক্ষমতার উপাদানসমূহ ভাল থাকা। অর্থনৈতিক ও বীমাপত্রের দাবির শর্ত পূরণের জন্য সময় সময় ঝুঁকি দেখা দিলে সেটা মোকাবিলার জন্য প্রত্যাশা পূরণ করতে পারা ও এর সঙ্গে সম্পর্কিত।

## পরিচালকদের ঋণ বা অগ্রিম

কমিশন্স নোটিফিকেশন্স নং এসইসি / সিএমএমআরআর/সিডি/২০০৬-১৫৯/এডমিন/০২-১০ ১০ সেপ্টেম্বর ২০০৬ অনুযায়ী ২০১০ সালে সিআইসিএল কোম্পানির কোনো পরিচালককে ঋণ কিংবা অগ্রিম অথবা ডেবিট ব্যালান্স (ঋণের সঙ্গে সংশিষ্ট গ্যারান্টি বা সিকিউরিটিসহ) প্রদান করেনি।

## শেয়ারহোল্ডারের মূল্যায়ন

সিআইসিএল শেয়ারহোল্ডারদের মূল্যায়ন করে থাকে এবং তা উচ্চ মানে নিয়ে যেতে অঙ্গীকারাবদ্ধ। কোম্পানির মুনাফার উচ্চ হার সিআইসিএল-এ বিনিয়োগকারী শেয়ারহোল্ডারদের মূল্যায়নের নির্দেশক।

## বার্ষিক সাধারণ সভা

কোম্পানির ২১ তম সাধারণ সভা (এজিএম) ১০ জুন বিকেল ৩ টায় (ভার্চুয়ালি) অনুষ্ঠিত হবে। এ জন্য ২৬ এপ্রিল, ২০২১ তারিখ ৯২ তম পরিচালকমন্ডলীর সভায় আর্থিক বিবরণী অনুমোদিত হয়, যা ২১ তম এজিএম-এ অনুমোদিত হবে।

## করপোরেট সুশাসন

করপোরেট সুশাসন এমন একটি ব্যবস্থা যার সাহায্যে শেয়ারহোল্ডারদের প্রতি দায়বদ্ধতা বিবেচনায় রেখে কোম্পানি পরিচালিত হয় এবং পরিচালকমন্ডলী কর্তৃক নিয়ন্ত্রিত হয়। পরিচালকমন্ডলী বিএসইসি কর্তৃক নির্ধারিত শর্ত পূরণ করে চলে।

## অডিটর নিয়োগ এবং তাদের পারিশ্রমিক নির্ধারণ

বিধিবদ্ধ অডিটরস : ১৬ এপ্রিল, ২০২০ তারিখ অনুষ্ঠিত কোম্পানির ২০ তম এজিএম-এ মাহফেল অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্টসকে কোম্পানির বিধিবদ্ধ অডিটর নিয়োগ প্রদান করা হয়। ২১ তম এজিএম-এ এর মেয়াদ শেষ হবে এবং তারা ২০২১ সালের জন্য পুনঃনিয়োগপ্রাপ্তির যোগ্য।

## কমপ্লায়েন্স অডিটরস

করপোরেট সুশাসন কোড-এর শর্ত পূরণের সনদ প্রদানের জন্য অডিটর / নিয়মিত পেশাজীবী নিয়োগ এবং তাদের পারিশ্রমিক নির্ধারণ।

আহমদ জাকের অ্যান্ড কোং, চার্টাড এ্যাকাউনটেন্টস কে ১৬ এপ্রিল ২০২০ তারিখ অনুষ্ঠিত কোম্পানির ২০তম এজিএম-এ কমপ্লায়েন্স অডিটর নিয়োগ দেওয়া হয়। এর মেয়াদ ২১তম এজিএম-এ শেষ হবে এবং তারা ২০২১ সালের জন্য পুনঃনিয়োগপ্রাপ্তির যোগ্য।


## স্বচ্ছতা ও জবাবদিহিতা

ক্রিস্টাল ইন্সুরেন্স কোম্পানি ব্যবসা পরিচালনার ক্ষেত্রে সর্বদা স্বচ্ছতা ও জবাবদিহিতা বজায় রাখে। অব্যাহত মুনাফা নিশ্চিত করা, ঝুঁকি যথাসম্ভব কমিয়ে রাখা এবং কোম্পানির কার্যক্রমের প্রতিটি ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠার জন্য কোম্পানি পরিচালকমন্ডলী ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের মধ্যে দায়িত্ব ও কর্তব্য বণ্টন নিশ্চিত করে।

## জাতীয় কোষাগারে অবদান

ক্রিস্টাল ইন্সুরেন্স কোম্পানি লিমিটেড জাতীয় কোষাগারে কর ও লেভি প্রদানের মাধ্যমে অবদান রাখছে।

| বিষয় | ২০২০ |
|---|---|
| ভ্যাট | ৪০,৮৯২,১৯২/- |
| আয়কর | ২৪,৪২৯,২৭৯/- |
| উৎসে কর | ১২,৭৩০,৩৬০/- |
| ষ্টাম্প ডিউটি | ২৫,৮৮৫,৬৮৯/- |
| **মোট** | **১০৩,৯২৭,৫২০/-** |




## কৃতজ্ঞতা

ক্রিষ্টাল ইন্সুরেন্স কোম্পানী লিমিটেডের পরিচালকমন্ডলীর অব্যাহত সহযোগিতা ও সমর্থনের জন্য সকল সম্মানিত শেয়ারহোল্ডার ও বীমা গ্রহীতাদেরকে কৃতজ্ঞতা প্রকাশ করছে। পরিচালকমন্ডলী ইন্স্যুরেন্স ডেভলপমেন্ট অ্যান্ড রেগুলেটরি অথরিটি-এর (আইডিআরএ) চেয়ারম্যান-এর অফিস; অর্থ, বাণিজ্য মন্ত্রণালয়সহ সংশিষ্ট সরকারী দফতর, সাধারণ বীমা করপোরেশন, বাংলাদেশ ব্যাংক, রাষ্ট্রায়ত্ত সকল ব্যাংক, বাণিজ্যিক ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, রেজিষ্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফারমস (আরজেএসসি), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি), ঢাকা স্টক এক্সচেঞ্জ লি. (ডিএসই), চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সিএসই), সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল), জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন এবং বাংলাদেশ এসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ (বিএপিএলসি) থেকে যে প্রভূত পৃষ্ঠপোষকতা ও সমর্থন পেয়েছে সে জন্য ধন্যবাদ ও গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছে। কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সংকল্পবদ্ধ ও নিঃস্বার্থ কাজের জন্যও বোর্ড সদস্যরা অকুণ্ঠ কৃতজ্ঞতা প্রকাশ করছে।

**পরিচালকমন্ডলীর পক্ষে,**

**আবদুল্লাহ আল-মাহমুদ**
**চেয়ারম্যান**